

৪৪২

001

**ভারতেশ্বরী হোমসের  
ছাত্রীরা অর্ধাহারে**

টাঙ্গাইলের সংবাদদাতা জানান, বীর্জাপুরের ভারতেশ্বরী হোমসে পানি উঠায় অর্ধ গহসু ছাত্রী পানিবন্দী অবস্থায় অর্ধাহারে দিন কাটাই (শেষ পৃ: ১-এর ক: ড:)

**ভারতেশ্বরী হোমসের  
ছাত্রীরা**

(১ম পৃ: পর)

তেছে। অভিভাবকরা তাহাদের মেয়েদের লইয়া না গেলে তাহারা বিপন্ন হইয়া পড়িবে। বন্যা দুর্গত এলাকায় দুর্বৃত্তরা পরিত্যক্ত বাড়ী-ঘরের চালের টিন। চুরি করিয়া নিয়া যাইতেছে। ছিনতাই ও ডাকাতির ঘটনাও ঘটিতেছে। সকল দুর্গত এলাকায় খাদ্য সংকট তীব্র। কেরোসিন ও লবণ প্রায় দুখ্রাপ্য। যমুনা, ধলেশ্বরী ও ঝিনাই নদীর পানি ৪ সেন্টিমিটার হ্রাস পাইলেও বংশী নদীর পানি ১০ সেন্টিমিটার বৃদ্ধি পাইয়াছে। এ অবস্থায় জেলার পশ্চিমাংশের বন্যা পরিস্থিতি অফরিবতিত রহিয়াছে এবং পূর্বাংশের পরিস্থিতির আরও অবনতি ঘটিয়াছে। গতকাল আরও ১৩ জনের মৃত্যুর খবর পাওয়ার পর, এ পর্যন্ত বন্যায় জেলায় মোট মৃতের সংখ্যা দাঁড়াইয়াছে ৪৩জন। টাঙ্গাইলের বেতকা খাদ্য ওদাম ও কাগমারী সড়কের সার ওদামে পানি উঠায় বিপুল পরিমাণ চাউল, গম ও সার বিনষ্ট হওয়ার আশংকা দেখা দিয়াছে। ওদামের দরজায় বাঁধ দিয়া ২৪ ঘন্টা পানি সেচিয়া ওদাম রক্ষার চেষ্টা চলিতেছে।